

# ভালবাসি অন্তহীন

মাহমুদা রঞ্জু

হৃদয়ের গহীন দেশে তোমার আবাস ।  
 ভালবাসি অন্তহীন গভীর -  
 নিরাপদ দুরত্ব থেকে ।  
 যেন কিছুতেই ছুতে না পারে  
 বড়-বন্যা-খরা-শৈত ।  
 ভালবাসার বাসা থেকে দিতে পারি  
 সমবেদনার ডলারে ভরা একখানা খাম ।  
 অথবা মানিগ্রাম ।

শ্রেয়সী, প্রেয়সী, রূপসী,  
 অনিন্দ, অপূর্ব, অজ্ঞেয়,  
 আরো সহস্রনামে ডেকে ডেকে  
 অক্ষমতাকে আড়ালে ঢেকে দিই ।  
 বলি ‘ও আমার আত্মার স্বজন তুমি  
 ডুবে যাও বন্যায়,  
 ভেসে যাও আশ্রয়হীনা -  
 কলার ভেলায় ।  
 আবার পুড়ে যাও খরায় ।  
 তোমার বুক ফেটে ঝাঁঝরা হোক !  
 প্রচন্ড শীতে ঠাণ্ডা-পাথর হোয়ে যাও ।’

আমার ভালবাসা গভীর-গহীন  
 নিরাপদ দুরত্ব থেকে ।

আমি আঁখিতারায় দেখি -  
 আমার সন্তানের চাকুরীর নিশ্চয়তার হার ;  
 বিশ্বের নামধন্য বিশ্ব-পাঠের  
 এক খন্দ কাগজের মগজে ।  
 দেখি মেয়ের বিয়ের করচা -  
 রিভার ক্রুজ অথবা বীচ-ভিউ রিজোটে ।

সময় কোথায় অসময়গুলো নষ্ট করার ?  
 ভেবে ভেবে ?  
 কোথায় চলেছে আমার প্রেয়সী ?  
 শ্রেয়সী ?  
 কোন অজানা উটের পিঠে সওয়ার  
 হোয়ে চলেছে নির্দিষ্ট অনিদিষ্টে ?

জীবনের সাথে অলিখিত চুক্তি -  
 অর্থের সাথে নিরথক সমবোতা ।  
 আমার সন্তানের কোন স্বদেশ নেই ।  
 আমার স্বয়ত্ন উপহার  
 ধোয়াটে প্রশ়াবোধক নিশ্চিত  
 অনিশ্চিত সংস্কৃতি ।

আমার আত্মার স্বজন --  
 তুমি ডুবে যাও,  
 পুড়ে যাও, পাথর হোয়ে যাও ।  
 অক্ষমতার ক্ষমতাতো আমি  
 প্রায়শই পাঠাই মানিগ্রামে ।  
 আমায় তুমি কক্ষনো ক্ষমা করোনা ।  
 আমার প্রায়শিত্তের কাল  
 শুরু হোয়েছে, পরিনামে ।

হৃদয়ের গহীন অন্দরে রেখেছি তোমায়  
 ভালবাসি প্রেয়সী -  
 নিরাপদ দুরত্ব থেকে ।  
 ভালবাসি অন্তহীন গভীর -  
 নিরাপদ দুরত্ব রেখে ।